



মুক্তার মালা

- যে বাস্তি দুনিয়ার লোভ লালসা হতে উর্ধে উঠতে সমর্থ হয়েছেন, তাকে অবশ্যই ভালবাসবে। কেননা, এ ধরনের লোকই তোমাদের একৃত জ্ঞানের সন্ধান দিতে পারে। -আল হাদীস
- হঠাতে কোন সম্পদ লাভ করে অতিরিক্ত আনন্দিত হয়ো না, সম্পদ চলে গেলেও দুঃখিত হয়োনা। -হ্যরত আলী (রাঃ)
- হীনতা অবলম্বন করার চেয়ে কষ্ট করা অনেক বেশী গৌরবের। -জাহেয
- বিনয়, দয়া এবং সংচিত্তার দ্বারা মানুষ জনাপ্রিয় হতে পারে। অপরপক্ষে কাপর্ণ্য, অহংকার এবং অসততার দ্বারাই সে ঘৃণিত হয়। -আবুল ফারাছ
- তিনি বস্তু তিনি ধরনের লোককে ধ্বংস করে। কৃপণ তার সম্পদ, কান্তজ্ঞান বজির্ত যুবককে তার দেহসৌষ্ঠবের অহংকার এবং জ্ঞানীকে সবজান্তা ধরনের অহমিকায়। -ইবনুল আসীর
- চোগলখোর নিজের দাঁত দিয়েই নিজের কবর খনন করতে থাকে। -ইবনে নাবাতাহ
- বিদ্যার ভূষণ হলো ধীরতা আর শক্তির ভূষণ ক্ষমা। -ইবনে আবদুহ রাবিবাহি
- হিংসার আগুন এথমে হিংসুকের অন্তর জ্বালিয়ে দিয়ে পরে অন্যের দিকে অগ্রসর হয়। -হাসসান
- কৃপণ ধন-সম্পদের পূজারী আর উদার দাতা ব্যক্তিকে ধন সম্পদ পূজা করতে বাধ্য হয়। - সুযুতী
- দুই ধরণের মানুষ সত্যই মারাত্মক হয়ে ওঠে, শরীফ যখন ভুখা হয় আর কামিনার যখন পেট ভরে যায়। - যুরকানী
- অনেক লোকই দিনে অন্তত পাঁচবার মুখ ধোয়, কিন্তু পাঁচ বছরেও একবার অন্তর ধোয়ার কথা চিন্তা করে না। -ইব্রাহিম আদহাম
- মানুষ যাদি অনুমান করতে পারত যে, অন্যে তার সম্পর্কে কি বলাবলি করে, তবে কেহ আর পরচর্চা করে সময় নষ্ট করতো না। -হারিরী
- খ্যাতি যতই ছড়াতে থাকে ততই সে আরো ছোট হতে থাকে। -আমেলী
- কর্মদক্ষতা মানুষের সবাপেক্ষা বড় বন্ধু। -দাওয়ানী
- মিথ্যেবাদী সর্বপ্রথম নিজেরই সর্বনাশ করে থাকে। -হাসান বসরী
- কিছুদিন পরপরই যখন তোমার মতের পরিবর্তন হয়, তখন কোন মুখে নিজের মতের ওপর ভরসা কর। -ইবনে সীনা
- বৃক্ষিতে যদি কাজ না হয় তবে আবেগের আশ্রয় নিও। -ছালাবী
- সবাপেক্ষা জঘন্য শাসক সেই ব্যক্তি, যে প্রবল প্রতিপক্ষের প্রতি তোয়াজ করে দুর্বল প্রজা সাধারণের ওপর জুলুম করে। -হ্যরত হোসাইন (রাঃ)
- এক মুহূর্তের ধৈর্য দশ বছরের বিপদ হতে বাঁচিয়ে দিতে পারে। -ইবনে আরাবী
- জনসম্মুখে বন্ধুদের প্রশংসা করা এবং নিজের তাদের দোষ ক্রটির জন্যে ভৎসনা করা প্রকৃত বন্ধুত্বের কাজ। -ফারাবী
- প্রবৃত্তিকে তোমার অধীন কর, অন্যথায় প্রবৃত্তিই তোমাকে তার অধীন করে নেবে। -বুসূতী
- যারা চিন্তা করে তারাই কথা বেশী বলে। -হারিরী
